



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নথি নং-ঢাশিবো/বি/৫৯৩/মুসী/১২৫০

তারিখ: ০৩/১২/২৫

বিষয়: মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন “মজিদপুর দয়হাটা কফিল উদ্দিন চৌধুরী ইন্সটিটিউশন” এর প্রধান শিক্ষক (জোড়পূর্বক পদত্যাগকৃত) জনাব নিতাই চন্দ্র দাস কে স্বপদে পুনঃবহাল প্রসঙ্গে।

সূত্র: ১। প্রধান শিক্ষক (জোড়পূর্বক পদত্যাগকৃত) জনাব নিতাই চন্দ্র দাস এর ০১/০৬/২০২৫ তারিখের আবেদন।

২। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর পত্র নং ঢাশিবো/বি/৫৯৩/মুসী/৯৫৬ তারিখ: ২০/১০/২০২৫।

৩। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর তদন্ত কর্মকর্তার ২০/১১/২০২৫ তারিখের প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর উপজেলাধীন “মজিদপুর দয়হাটা কফিল উদ্দিন চৌধুরী ইন্সটিটিউশন” এর প্রধান শিক্ষক (জোড়পূর্বক পদত্যাগকৃত) জনাব নিতাই চন্দ্র দাস স্বপদে পুনঃবহালের জন্য ০১/০৬/২০২৫ তারিখে আবেদন করায় ২৯/১০/২০২৫ তারিখে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক তদন্ত করা হয়। তদন্তকালে জানা যায় গত ২৫/০৮/২০২৪ তারিখে সকাল ১১.৩০ ঘটিকায় জনাব মো: জাহাঙ্গীর খান এর নেতৃত্বে ৪০/৫০ জন লোক নিয়ে অফিস কক্ষে প্রবেশ করে প্রধান শিক্ষককে শারীরিক নির্যাতন করে তাদের তৈরীকৃত পদত্যাগ পত্রে স্বাক্ষর করতে বাধ্য করেন। এমতাবস্থায়, জোড়পূর্বক পদত্যাগ করানো প্রধান শিক্ষক জনাব নিতাই চন্দ্র দাসকে বকেয়া বেতন-ভাতা প্রদান পূর্বক ১৫(পনের) কর্মদিবসের মধ্যে প্রধান শিক্ষক পদে পুনঃবহাল করে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর চেয়ারম্যান বরাবর অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

প্রাপক,
সভাপতি
ও

উপজেলা নির্বাহী অফিসার
মজিদপুর দয়হাটা কফিল উদ্দিন চৌধুরী ইন্সটিটিউশন
শ্রীনগর, মুন্সীগঞ্জ।

স্বাক্ষরিত
ড.মো: মাসুদ রানা খান
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

মেমো নং- ১২৫০ (৭)

তারিখ: ০৩/১২/২৫

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩. জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ;
৪. জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ;
৫. জনাব নিতাই চন্দ্র দাস, প্রধান শিক্ষক (জোড়পূর্বক পদত্যাগকৃত), মজিদপুর দয়হাটা কফিল উদ্দিন চৌধুরী ইন্সটিটিউশন, শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৬. প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত) মজিদপুর দয়হাটা কফিল উদ্দিন চৌধুরী ইন্সটিটিউশন, শ্রীনগর, মুন্সীগঞ্জ;
৭. পিএসস্টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. অফিস কপি;

3.12.25

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

০২/১২/২৫